মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৭৩৬/ক/অনু:/২০১৫/২৭৭ তারিখ: ২৪/০৫/২০১৬

বিষয়: ২০১৬-১৭ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৩৯.১৪.১০৩৫ তারিখ:১৭/০৫/২০১৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলাধীন **ভাইটকান্দি স্কুল এন্ড কলেজ** এ ২০১৬-১৭ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করেছে। এ অনুমতির মেয়াদ ৩ (তিন) বছর কার্যকর থাকবে এবং এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ:

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

বিষয়সমূহ :

আবশ্যিক :
১। বাংলা
২। ইংরেজি
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :
১। পৌরনীতি ও সুশাসন
২। সমাজবিজ্ঞান
৩। ইতিহাস
৪। কৃষি শিক্ষা

ব্যবসায় শিক্ষা:
১। হিসাব বিজ্ঞান
২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা
৪। ভূগোল

বিজ্ঞান :
১। পদার্থ বিজ্ঞান
২। রসায়ন
৩। জীব বিজ্ঞান
৪। উচ্চতর গনিত

শর্তসমূহ:

১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

২। কলেজে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক এনটিআরসিএ দ্বারা নিবন্ধনকৃত হতে হবে এবং মহিলা কোটা সংরক্ষণ করতে হবে।

৩। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।

৪। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারন তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।

৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি ''নির্দেশিকা'' অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

৬। ম্যানেজিং কমিটির মেয়াদান্তে বিধি মোতাবেক নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ে গভর্নিং বডির সদস্যদের নামে তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)।

৭। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

৮। উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- মানবিক শাখায় ১০০ জন, ব্যবসায় শিক্ষা ১০০ জন , বিজ্ঞান শাখায় ৫০ জন ।

৯। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।

১০। চলতি শিক্ষাবর্ষে (২০১৬-২০১৭) উচ্চমাধ্যমিক পর্যায়ে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের প্রয়োজনীয় বোর্ড ফি জমা দিয়ে শিক্ষার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপট আগামী ৭দিনের মধ্যে বোর্ডে দাখিল করতে হবে।

১১। প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:

(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
(গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকুলে ব্যাংক ড্রাফট।

১২। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

২৪/৮/২০১৬

ড. মো: আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৯৬১৫২৩৬ (অফিস)
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ
ভাইটকান্দি স্কুল এন্ড কলেজ (VIETKANDI SCHOOL & COLLEGE)
ফুলপুর, ময়মনসিংহ ।

মেমো নং- ২৭৭(৭)

তারিখ: ২৪/০৮/২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সভাপতি, ম্যানেজিং কমিটি, ভাইটকান্দি স্কুল এন্ড কলেজ, ফুলপুর, ময়মনসিংহ।
৮। অফিস কপি।

২৪/৮/২০১৬

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।